R N. No. 2532/57

Regd No. WB/MSD—4

রিপ্রোডাকশন সিন্ডিকেট

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টাটার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৯

৬৬শ বর্ষ
৪০শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৪ই ফাল্গুন বুধবার, ১৩৮৬ সাল।
২৭শে ফেব্রুয়ারী, ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## পর্ষদ ভাঙলে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হবে ঃ ই এ

বিশেষ প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকার সম্প্রতি রাজ্য বিদ্যুৎ পর্ষদকে দু'টুকরো করার সিদ্ধান্ত নিয়েছেন। এক, জেনারেশন এণ্ড একষ্ট্রা হাই ভোলটেজ ট্রানসমিশন এবং দুই, বাকীটা। পয়লা এপ্রিল থেকে পর্ষদকে পৃথক পৃথকভাবে কাজ করার জন্য সরকারীভাবে ১৬ জানুয়ারী এক সারকুলার জারি করা হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্মচারী সমিতি সংবাদপত্রে প্রকাশের জন্য প্রেরিত এক বিবৃতিতে সরকারের সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে বলেছেন, বিদ্যুৎ পর্ষদের বিগত দু'বছরের কার্যকলাপের মধ্যে রয়েছে উপেক্ষা, দক্ষতাহীনতা, অদূরদর্শিতা এবং শিল্প সম্পর্কিত বিষয়ে বিশৃঙ্খলার বেদনাদায়ক কাহিনী। মানুষ এবং যন্ত্রের মধ্যে সমন্বয় ঘটিয়ে স্বল্প ও দীর্ঘমেয়াদী ব্যবস্থা উদ্ভাবনে পর্ষদের ব্যর্থতাহেতু সৃষ্টি হয়েছে বিদ্যুতের স্থায়ী সমস্যা, যার ফলে রাজ্যের অর্থনীতি প্রায় অচলাবস্থায় এসে দাঁড়িয়েছে। বর্তমানে এই গুরুত্বপূর্ণ সংগঠনকে ঠিকাদার ও পরামর্শদাতাদের হাতের ক্রীড়নক করে গড়ে তোলা হয়েছে এবং ইনজিনীয়ার ও কর্মীদের মধ্যে অবিশ্বাস ও ভেদাভেদের বীজ বপনে পারদর্শিতা প্রমাণ করেছে। জনমতকে ভিন্নমুখী করে তোলার জন্য পর্ষদকে দ্বিখণ্ডিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যখন এই ধরনের অপচেষ্টার কথা সংবাদ-স্তম্ভে তুলে ধরা হচ্ছিল, তখন ইনজিনীয়ার সংস্থা বিরোধিতা করেছেন এই বলে যে, এর ফলে সমস্যা আরো গুরুতর হয়ে উঠবে এবং রাজ্যের অর্থনীতিতে অচলাবস্থার সৃষ্টি হবে। সংস্থা পর্ষদের কাজকর্মে উন্নতি সাধনের জন্য দক্ষ

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## খুন-খারাপিতে জঙ্গিপুর শীর্ষে

নিজস্ব সংবাদদাতা : খুন-খারাপিতে ১৯৭৯ সালে জঙ্গিপুর মহকুমা মুর্শিদাবাদ জেলার মধ্যে প্রথম স্থান অধিকারের সম্মান লাভ করেছে। ঐ বছর জেলায় মোট খুন হয়েছে ৬৭টি, তার মধ্যে জঙ্গিপুর মহকুমাতেই ২৬টি। ফরাক্কায় একটি, সামসেরগঞ্জে তিনটি, সুতিতে চারটি রঘুনাথগঞ্জ ও সাগরদীঘিতে নয়টি করে। মহকুমার পাঁচটি থানার মধ্যে রঘুনাথগঞ্জ ও সাগরদীঘি শ্রেষ্ঠ স্থান অধিকার করেছে। ১৯৭৭ ও ১৯৭৮ সালে মহকুমায় খুনের সংখ্যা ছিল যথাক্রমে ১২ ও ২০টি। ১৯৭৭ সালে খুন হয়েছিল ফরাক্কায়

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ফরাক্কায় কেন্দ্রীয় সেচ দফতরের সচিব

নিজস্ব সংবাদদাতা, ফরাক্কা ব্যারেজ : কেন্দ্রীয় সেচ ও শক্তি দফতরের সচিব সি সি প্যাটেল ১৯ ও ২০ ফেব্রুয়ারী ব্যারেজ, হাসপাতাল, স্কুল এবং গঙ্গাভাঙন এলাকা পরিদর্শন করেন। ১৯ ফেব্রুয়ারী তিনি দিল্লী থেকে ফরাক্কা এসে পৌছান। বিদ্যালয় পরিদর্শনের সময় আরো শিক্ষক নিয়োগ, ছাত্র ভর্তি সমস্যা সমাধানে বিদ্যালয় ভবন সম্প্রসারণ, পৃথক বালিকা বিদ্যালয় স্থাপন প্রভৃতির দাবি জানানো হলে প্যাটেল বিবেচনার আশ্বাস দেন। ১৯ ফেব্রুয়ারী তিনি ফরাক্কার উদ্যানে এবং ২০ ফেব্রুয়ারী ভাটিতে গঙ্গাভাঙন পরিদর্শন করেন।

**জাল সারটিফিকেট ঃ** জাল সারটিফিকেটের ভিত্তিতে ফরাক্কা বাঁধ প্রকল্পে যাঁদের নিয়োগ অথবা পদোন্নতি ঘটানো হয়েছিল, তদন্তের পর কর্তৃপক্ষ নিজেদের দোষ ঢাকতে তাঁদেরকে দু'বছরের মধ্যে পরীক্ষায় পাস করে নতুনভাবে সারটিফিকেট দাখিলের নির্দেশ দিয়েছেন বলে জানানো হয়েছে। কর্তৃপক্ষের ঐ নির্দেশে কর্মচারীরা ক্ষোভ প্রকাশ করেছেন। তাঁরা জানিয়েছেন, যারা দোষী সাব্যস্ত হয়েছে, তাদেরকে এই সুযোগ দেওয়া হচ্ছে। তাহলে অন্যরা কি দোষ করলেন? একই সুযোগ চতুর্থ শ্রেণীর নির্দোষ কর্মচারীদেরও দেওয়া হোক।

## সরকারী অনুষ্ঠান বয়কটের সিদ্ধান্ত

রঘুনাথগঞ্জ, ২৭ ফেব্রুয়ারী : আগামী পয়লা মার্চ থেকে জঙ্গিপুর মহকুমা জুড়ে সরকারী অনুষ্ঠানাদি ও তৎসংক্রান্ত সংবাদসমূহ বয়কটের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিভিন্ন সংবাদপত্রের সাংবাদিকরা এক বৈঠকে মিলিত হয়ে এই সিদ্ধান্ত নিয়েছেন। এদের মধ্যে কলকাতার দৈনিক সংবাদপত্রের প্রতিনিধিও রয়েছেন।

জেলা সাংবাদিক সংঘের জনৈক সদস্য এ খবর দিয়ে জানিয়েছেন, জঙ্গিপুর মহকুমায় দীর্ঘদিন ধরে তথ্য ও সংস্কৃতি দপ্তরটি পুরোপুরি নিষ্ক্রিয় রয়েছে অভিজ্ঞতায় দেখা যায়, এর আগের তথ্য আধিকারিকেরা মহকুমার বিভিন্ন প্রান্তে সরকারী উন্নয়নমূলক খবরাখবর সংগ্রহে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে সক্রিয়ভাবে সহযোগিতা করতেন। মন্ত্রী, সরকারী আমলা, বন্যা, খরা সহ বিভিন্ন প্রকল্পে সরকারী অর্থ মঞ্জুর প্রভৃতির সংবাদ অতি সত্বর সঠিকভাবে বিভিন্ন পত্র-পত্রিকায় তুলে ধরা হোত।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিধানসভা বাতিল বেআইনী ঃ তথ্যমন্ত্রী

নিজস্ব সংবাদদাতা : ২০ ফেব্রুয়ারী রঘুনাথগঞ্জ রবীন্দ্রভবনে রাজ্য তথ্য ও সংস্কৃতি মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এক কর্মী সম্মেলনে বলেন, ইন্দিরা গান্ধীর স্বৈরাচারী রূপ ক্রমশঃ প্রকাশ পাচ্ছে, ৯টি অ-কংগ্রেস (ই) বিধানসভা ভাঙা তার প্রথম পদক্ষেপ। এর ফলে ক্ষতিগ্রস্ত হবে ভারতীয় যুক্তরাষ্ট্রীয় কাঠামো। তিনি মনে করেন, পশ্চিমবাংলায় এরূপ হলে সংগ্রামী জনগণের মনে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হবে এবং রাজ্যব্যাপী গণপ্রতিবাদের ঢেউ প্রবাহিত হবে। ইন্দিরা গান্ধী ক্ষমতালোভী, তাঁর কাছে ক্ষমতাই মুখ্য ; ন্যায়নীতি গৌণ। তাই স্বৈরতন্ত্রী চক্রান্তের বিরুদ্ধে কর্মীদের সজাগ থাকতে হবে।

## বিড়ি শ্রমিক বেকার

অরঙ্গাবাদ, ২১ ফেব্রুয়ারী—একটি বিড়ি কোম্পানী অধিক মুনাফা লোটার নীতি অনুসরণ করায় পাঁচজন মুন্সীসহ সতের জন পেটি সরবরাহকারক প্রায় এক বছর ধরে কর্ম্মবিহীন অবস্থায় রয়েছেন। বিড়ি মুন্সী ইউনিয়ন সম্পাদক এক বিবৃতিতে এই অভিযোগ করে জানিয়েছেন, এর ফলে প্রায় দেড় হাজার বিড়ি শ্রমিক অর্ধাহার ও অনাহারে বেকারের জীবনযাপন

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ফেরি সারভিস

নিজস্ব সংবাদদাতা : খুব শিগ্‌গির জলপথে ফরাক্কা—কলকাতা ফেরি সারভিস চালু হচ্ছে। সরকারী সূত্রে জানা গেছে, আগামী আর্থিক বছরেই প্রয়োজনীয় অনুমোদন দেওয়া হবে। ফেরি সারভিস চালু হলে যাত্রী ও ব্যবসায়ীরা উপকৃত হবেন। এই পথে পণ্য পরিবহণ ব্যবস্থা ইতিপূর্বে চালু হয়েছে।

Government of West Bengal
Office of the District Inspector of Schools ( P. E. )
Murshidabad

## Tender Notice

Tenders, in sealed covers, for carrying food stuff under the CARE food stuff for a period of 3 (three) years or so by truck from Calcutta Khidirpur dock or State Ware House Calcutta to State Ware Housing Corporation at Cossimbazar are invited from reliable Transport Agencies, if required. The carrying charges should be inclusive of loading charges into trucks and unloading charges of the goods from the truck, stacking the bags of food into godown and all other incidental charges. No separate rate for loading, unloading, stacking etc. should be quoted.

2) Another quotation for loading the goods from the godown of State Ware Housing Corporation at Cossimbazar into trucks and carrying charges of the goods to the godown of the Sub-Inspector of Schools and of the Deputy Asstt. Inspector of Schools of different Circles in the district at the following places for a period of 3 (three) years or so are invited from the reliable Transport Agencies. The rate should be mentioned per K. M. per M T. including all other incidential charges or excluding charges.

R. should be mentioned for carrying food stuff not below 5 Tons and upto 12 Tons.

Tenderers must have their own Vehicles, Vehicles Number should be mentioned in the tender. Intending tenderers will have to produce valid certificate upto-date clearance of Income Tax and sales Tax.

Ferry charges or Toll charges required at the time of crossing river or bridge will not be paid extra to the contractors. Such charges will be deemed to have been included in the rate to be quoted by the contractors.

Each tender must deposit money of Rs. 1000,00 (Rs. One thousand) only N. S. Certificate pledged in the name of the District Inspector of Schools (P.E.) Murshidabad. The earnest money deposited by the unsuccessful tenderer will be refunded on application to the District Inspector of Schools ( P. E. ) Murshidabad. Earnest money of the successful tenderer will be refunded on application to the District Inspector of Schools ( P. E. ) Murshidabad after completion of the transport of the commodities.

Acceptance of the quotation rests with the undersigned who does not bind-himself to accept the lowest quotations without assigning any reasons for acceptance or rejection of a tender.

The quotations will be recived by the undersigned upto 8-3 80 at 2 P. M.

Sd/-S. K. Ghosh
District Inspector of Schools
(Primary Education)
Murshidabad.

Memo No. 68(4)/S.M.
Dated 20. 2. 80

| Name of Circle | Uuloading point |
|---|---|
| 1. Sadar East | 1. Katabagan 2. Baharan |
| Sadar West | 1. Berhampore Jr. Basic Training College. |
| Hariharpara | 1. Hariharpara |
| 2. Sadar South | 1. Berhampore Jr. Basic Training College |
| Sargachhi | 1. Bhabta Hindu Girls' 2. Mohespur |
| Beldanga | 1. Dy. Asstt. Inspector of Schools, Beldanga |
| 3. Sadar North | 1. Balirghat 2. Doulatabad 3. Kaladanga |
| Domkal | 1. S. I. of Schools, Offiice Damkal |
| Jalangi | 1. Sadikhan Dearh |
| 4. Murshidabad | 1. Pirtola Jr. Basic School |
| 5. Lalgola | 1. Lalgola Bus Stand |
| 6 Raghunathganj East | 1. S. I. of Schools Offiice at Jangipore |
| 7. Sagardighi | 1. Sagardighi S. N. H. S. School |
| 8 Raghunathganj | 1. Fultolli (Gopalganj F. P. School) |
| 9. Kandi | 1. Khagraghat Rail Station 2. Jibanti |
| 10. Kandi East | 3. Gokarna 4. Ranagram 5. Kandi |
| 11. Bharatpore | 1. Jajan More 2. Bharatpore Police Station |
| 12. Barwan North | 1. Kuli |
| 13 Khargram | 1. Khargram 2. Nagar |
| 14. Khargram North | 1. Sherpur |
| 15. Nabagram | 1. Nabagram 2. Panchgram |

District Inspector of Schools ( P. E. )
Murshidabad.

### ফরওয়ারড ব্লক

২৬ ফেব্রুয়ারী: সম্প্রতি সারা ভারত ফরওয়ারড ব্লকের রঘুনাথগঞ্জ কমিটি নতুনভাবে নির্বাচিত হয়েছে। ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়কে সভাপতি ও সুকুমার সিংহরায়কে সম্পাদক নির্বাচিত করে ১৯ সদস্যের কার্যনির্বাহক কমিটি গঠন করা হয়েছে। —প্রাপ্ত

### জুয়ারি ধৃত

নিজস্ব সংবাদদাতা: সাগরদীঘি, ২৪শে ফেব্রুয়ারী—বিগত বাইশে ফেব্রুয়ারী পুলিশের হাতে কেদার ভকত, পাঁচু দাসসহ কয়েকজন জুয়ারি পুলিশের হাতে ধরা পড়েছে। সাগরদীঘি থানার পি, এস, আই এস, ব্যানার্জি স্থানীয় একটি জুয়োর আড্ডায় হানা দিয়ে জুয়ারিদের হাতে নাতে ধরে ফেলেন।

# গ্রামে গ্রামে পশ্চিমবঙ্গ সরকারের রেডিও স্থাপনের পরিকল্পনা

অতি অল্প খরচে পশ্চিমবঙ্গ তথ্য ও সংস্কৃতি বিভাগ হইতে গ্রামে গ্রামে রেডিও স্থাপনের যে ব্যবস্থা চালু আছে তাহা অধুনা যে জনপ্রিয়তা অর্জন করিয়াছে সে বিষয়ে সন্দেহের কোন অবকাশ নাই।

জেলা শাসকই একমাত্র এই রেডিও মঞ্জুরের আধিকারিক। ক্লাব, বিদ্যালয়, ক্রীড়া সংস্থা ইত্যাদি যে কোন সাধারণ প্রতিষ্ঠানের তরফ হইতে ঐ রেডিও পাইবার জন্য স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে জেলা শাসককে আবেদন করিতে পারিবেন। ঐ আবেদন মঞ্জুর হইলে রেডিওর মোট খরচের ১/৩ অংশ অর্থাৎ ৫১·০০ টাকা ট্রেজারিতে নির্দিষ্ট খাতে জমা দিয়া চালানের ১ কপি জেলা সদরে তথ্য ও সাংস্কৃতিক দপ্তরের ভারপ্রাপ্ত টেকনিক্যাল সুপারভাইজারের দপ্তরে জমা দিলে তাহার বলে তিনি ঐ প্রতিষ্ঠানে নিজ তত্ত্বাবধানে রেডিও স্থাপন করিয়া আসিবেন এবং বিনা খরচে সাধারণে তাহা ব্যবহার করিতে পারিবেন।

প্রয়োজনবোধে নূতন ব্যাটারি সরবরাহ, বেতার যন্ত্র মেরামত তদারক করা এবং লাইসেন্স বাবদ আর অন্য কোন খরচাদি লাগিবেনা।

যে এলাকায় বিদ্যুৎ আছে সেই এলাকার জন্য বৈদ্যুতিক বেতার যন্ত্র স্থাপনেরও পৃথক ব্যবস্থা আছে।

পরবর্ত্তী বৎসরের জন্য ঐ রেডিও রক্ষণাবেক্ষণের জন্য মাত্র ১৫·০০ টাকা করিয়া ট্রেজারিতে ঐ নির্দিষ্ট খাতে জমা দিতে হইবে। জেলা টেকনিক্যাল সুপারভাইজারের মুর্শিদাবাদ দপ্তর হইতে ঐ বেতার গ্রাহকদের বিনা খরচে ঐ বেতার যন্ত্রগুলি মেরামতেরও ব্যবস্থা আছে।

---

মুর্শিদাবাদ জিলা তথ্য ও সাংস্কৃতিক দপ্তর হইতে প্রচারিত।

তাং ২১শে ফেব্রুয়ারী, ১৯৮০।

## খেলার খবর

নিজস্ব সংবাদদাতা : সারা বাঙলা এন পি এফ পি প্রতিযোগিতায় কিশোরী ও কিশোর বিভাগে মির্জাপুর নবভারত স্পোরটিং ক্লাবের সুষমা শোশা ও ওলিউল ইসলাম প্রথম স্থান অধিকার করে সারা ভারত এন পি এফ পি প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য মনোনীত হয়েছে।

শিলিগুড়িতে রাজ্য যুব উৎসবে যোগদানের জন্য পুরুষ বিভাগে রঘুনাথগঞ্জ সেবাশিবির ক্লাবের দেব চন্দ্র সটপাটে ২য় ও মির্জাপুর নবভারত স্পোরটিং ক্লাবের বিপদ দাস ৮০০ মিটার দৌড়ে প্রথম এবং মহিলা বিভাগে ঝংলা দাস সটপাট ও ডিসকাসে ১ম, বনানী দাস ২য়, সুষমা শোশা হাই জামপে ও লং জামপে ১ম ও শিখা কৈলঠা হাই জামপে ২য় স্থান অধিকার করে নেহেরু যুব কেন্দ্রের মুরশিদাবাদ জেলা দলে মনোনীত হয়েছে।

রঘুনাথগঞ্জ ডায়ামণ্ড এ্যাথলেটিক ক্লাব আয়োজিত লীগ পর্যায়ে ক্রিকেট খেলা শেষ হয়েছে। অগ্নিফৌজ ও সাগরদীঘি এবং ডায়ামণ্ড ক্লাব ও মুরারই এর মধ্যে সেমিফাইনাল খেলা হচ্ছে।

৬ ফেব্রুয়ারী ফতুল্লাপুর স্কুল মাঠে জঙ্গিপুর চক্র প্রাথমিক ও নিম্নবুনিয়াদী বিদ্যালয় সমূহের গ্রামীণ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

১২ ফেব্রুয়ারী জঙ্গিপুরে অনুষ্ঠিত হয় রঘুনাথগঞ্জ পূর্ব চক্রের প্রাথমিক ও নিম্নবুনিয়াদী বিদ্যালয়সমূহের গ্রামীণ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।

২১ ফেব্রুয়ারী জঙ্গিপুর মহকুমা গ্রামীণ প্রাথমিক ও নিম্নবুনিয়াদী বিদ্যালয়সমূহের প্রথম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় জঙ্গিপুর স্কুল মাঠে। ৮টি চক্রের খুদে প্রতিযোগীরা এই প্রতিযোগিতায় অংশ নেয়। রঘুনাথগঞ্জ পূর্বচক্র দলগতভাবে এবং ঐ চক্রের আইমুদ্দিন সেখ ব্যক্তিগত শ্রেষ্ঠত্বের সম্মান লাভ করে।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয়)

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## পঃ বঃ গ্রামসেবক সমিতির মুরশিদাবাদ জেলা সম্মেলন

সংবাদদাতা, বহরমপুর : এ মাসের তিন তারিখে বহরমপুর ইনজিনীয়ারিং অফিসেস্ রিক্রিয়েশন ক্লাব হলে পশ্চিমবঙ্গ গ্রামসেবক সমিতির মুরশিদাবাদ জেলা শাখার ৩০-৩১তম সম্মেলন অনুষ্ঠিত হয়। সমস্ত গ্রামসেবকের চাকরিকে পঞ্চায়েত প্রশাসনের সাথে যুক্ত করা, দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ, পূর্ণ গণতান্ত্রিক ও ট্রেড ইউনিয়নের অধিকা প্রদান, পে-কমিশনের রায় ত্বরান্বিতকরণ, রাজ্যের হাতে অধিক অর্থ ও ক্ষমতা প্রদান ইত্যাদি ২৬ দফা এবং আমূল ভূমি সংস্কারসহ কৃষকের স্বার্থে ৫ দফা দাবি গৃহীত হয়। সম্মেলনের পঞ্চায়েতে গ্রামসেবকের ভূমিকা সম্পর্কে আলোচনা করেন মুরশিদাবাদ জেলা পরিষদ সভাধিপতি মধু বাগ ও জেলা কো-অর্ডিনেশন কমিটির সভাপতি হিমাংশু মুখারজ্জি। ভবানী বাগচীকে সভাপতি ও হেমেন্দ্রনাথ সরকারকে সম্পাদক করে ১৯ সদস্যের কার্যকরী সমিতি গঠন করা হয়।

সকলের প্রিয় এবং
বাজারের সেরা
**ভারত বেকারীর**
শ্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

## দুই লরির সংঘর্ষে মৃত্যু

রঘুনাথগঞ্জ, ২০ ফেব্রুয়ারী—গতকাল রাত্রে উমরপুর মোড়ে দুই লরির মুখোমুখি সংঘর্ষে একটি লরির চালক ও চারজন আরোহী আহত হন। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তির পর আহত লরি চালকের মৃত্যু ঘটে বলে জানা যায়।

**পিটিয়ে হত্যা :** ১২ ফেব্রুয়ারী রাত্রে রঘুনাথগঞ্জ থানার বৈকুণ্ঠপুর গ্রামে মুক্তার হোসেন নামে কুখ্যাত এক চোর গ্রামবাসীদের প্রহারের চোটে পঞ্চত্ব লাভ করেছে। পুলিশ সূত্রে জানানো হয়েছে কুসু সেখ নামে একজন গ্রামবাসীর বাড়িতে চুরি করতে গিয়ে মুক্তার হাতে নাতে ধরা পড়ে। সেখান থেকে পালাবার সময় গ্রামবাসীদের প্রহারে নিহত হয়।

## পাঁচ কুইন্টাল তার উদ্ধার

গত ২৩ ফেব্রুয়ারী সাগরদীঘি থানার ইমামনগর গ্রামের নিকটস্থ একটি মাঠের পুকুর থেকে পুলিশ প্রায় ৫ কুইঃ বৈদ্যুতিক তার উদ্ধার করে। এজন্য একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

GOVERNMENT OF WEST BENGAL
**Office of the Superintending Engineer,**
**Central Circle, P. W. D.**
PUBLIC WORKS DEPARTMENT
Berhampore :: **Murshidabad**

Short Notice Inviting BID No. Of 1979-80 Of SECC : (PWD)

It will behalf for the under-noted work in the office Chamber the undersigned at 3-00 P. M, on 5-3-80. The details of other particulars are noted categorically below :—

1) Name of work : Constn. of Building and structure under intensive Handloom Development Project at Santipur, Dist. Nadia—Constn. of Building of Training Centre and Design Section.
2) Amount put to Bid :— Rs. 1, 90, 000/-
3) Security Money :— @ 2% to be deposited when the Bid is so in prescribed manner as in vouge in this Circle.
4) Eligibility of attending Bid :— Class—I, enlisted PWD & Const. Board Contractors & Bonafide Outside Contractors having experience in Building Works.

Attending Bidders other that the enlisted Contractors shall have to obtain prior permission of Supdg, Engr. (PWD) Cantral Circle, P. O. Berhampore, Dist. Murshidabad to perticipate in the Bid at last one hour before holding Bid.

Itending Bidder may see the details priced Schedule and other para prior to commencement of bid as state above and in any other working day in the office of the undersigned. Successful added shall have to execute contract documents in WBF No. 2911 (ii) for each group within 7 (seven) days from the date of issue of ter of acceptance in 5 sets ( Two in plain paper and other 3 in 2911 (ii) along with other 3 papers) which will be available office of the Ex. Engineer. (PWD) Nadia Division, Krishnanagar Sr. Nadia on cash at the rates as per standard practice in the circle. The undersigned does not bind himself to accept the lowest offer and reserve the full right to account any offer or reject the offer.

Constn : Board enlisted contractors of appropriate class will have to produce necessary order of Govt. in favour of the class which be now opts. to Tender for the under P. W. D.

Constn : Board enlisted contractors of appropriate class will have to produce necessary order of Govt. in favour of the class which he now opts. to Tender for the order P. W. D.

The successful bidder shall have to deposit the secur money 2% of the Tendered amount within the date stipulated by the undersigned, the falure of which will be dealt seriously necessary action will be taken against him as per rule.

Sd/-
Superintending Engineer,
Central Circle, P. W. D.

[ Issued by the District Information Office, Murshidabad, Berhampore ]

## প্রেক্ষাগৃহে তদন্ত

সংবাদদাতা, ধুলিয়ান : কয়েকটি অভিযোগের ভিত্তিতে দু'জন অফিসার সম্প্রতি স্থানীয় মায়া টকীজে তদন্ত চালান। তদন্তের সময় তাঁরা দেখতে পান আলো, শব্দ, বসার আসন সংস্কার এমন কি ভেতরের আবর্জনা পরিষ্কার করা হয়নি। জেলার আধুনিক প্রেক্ষাগৃহগুলির তুলনায় ব্যালকনি টিকিটের দামও অস্বাভাবিক। তদন্তকারী অফিসররা জানান, অভিযোগগুলি যথার্থ এবং একটি স্থায়ী প্রেক্ষাগৃহের পরিপন্থী।

### বয়কটের সিদ্ধান্ত

( ১ম পৃষ্ঠার পর )

কিন্তু বর্তমান তথ্য আধিকারিক অমরেন্দ্র সাহা নিজের জনসংযোগ দপ্তরটিকে পুরোপুরি জনবিচ্ছিন্ন দপ্তরে পরিণত করেছেন। ফলে উন্নয়নমূলক সংবাদ প্রকাশে বিভিন্ন ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হচ্ছে।

কয়েকজন সাংবাদিক এ ব্যাপারে ব্যক্তিগতভাবে জেলা তথ্য আধিকারিক প্রবোধ চট্টোপাধ্যায়কে বেশ কয়েকবার জানিয়েছিলেন। কিন্তু প্রবোধবাবু শুধুমাত্র প্রবোধ বাক্যই দিয়েছেন। যতদূর জানা গেছে তাতে এটা পরিষ্কার বর্তমান তথ্য আধিকারিক বামফ্রন্টের কর্মসূচী সমূহের পরিপন্থী মনোভাব পোষণ করার ফলেই বর্তমান সরকারের গৃহীত কর্মসূচীর প্রচারে তাঁর অনিচ্ছা প্রকাশ পাচ্ছে।

এদিকে গত দু'বছর ধরে এই দপ্তরটির বিরুদ্ধে বেশ কয়েকটি অভিযোগ উঠেছে। এর মধ্যে সরকারী গাড়ির যথেচ্ছ ব্যবহার প্রোজেক্টর মেশিন সারানোর নামে অর্থের অপব্যয় প্রভৃতি রয়েছে। এ নিয়ে ব্যাপকভাবে তদন্তের দাবী তোলা হয়েছে।

### বিড়ি শ্রমিক বেকার

( ১ম পৃষ্ঠার পর )

করছেন। কোম্পানীর পক্ষ থেকে জানানো হয়েছে, বিড়ির বাজারে মন্দার দরুণ এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অথচ খোঁজ নিয়ে জানা গেছে, এখানে সাড়ে তিন লাখ বিড়ির কোটা ছাটাই করে কম দামে অধিক মুনাফায় পাকুড়, বারহাওয়া প্রভৃতি জায়গায় সমপরিমাণ বিড়ি উৎপাদন করা হচ্ছে। অন্যান্য কোম্পানীও একই পথ অনুসরণ করছে বলেও অভিযোগ করা হয়েছে।

## শ্রীমায়ের জন্মবার্ষিকী

রঘুনাথগঞ্জ : ২১ ফেব্রুয়ারী—স্থানীয় শ্রীঅরবিন্দ সোসাইটি ও শ্রীমাতৃচক্র কেন্দ্রে শ্রীমায়ের ১০২ তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হয়। পৌরোহিত্য করেন ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায় এবং প্রধান অতিথির আসন অলংকৃত করেন গোপাললাল বন্দ্যোপাধ্যায়। সন্ধ্যায় একটি আলোচনা চক্রের আয়োজন করা হয়।

## রাঁধুনীর বিরুদ্ধে অভিযোগ

ধুলিয়ান, ২১ ফেব্রুয়ারী—অনুপনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কুক চন্দ্রশেখর ঝার বিরুদ্ধে একাধিক দুর্নীতির অভিযোগ উত্থাপন করে আর এস পি নেতা নন্দলাল সরকার অবিলম্বে তাঁর অপসারণ দাবি করেছেন। অন্যথায় জনমনে বিক্ষোভ দেখা দিতে পারে বলে তিনি জানিয়েছেন। তিনি আরো জানিয়েছেন, ঝা ২৬ নভেম্বর থেকে ১ জানুয়ারী পর্যন্ত ৩৭ দিন অনুপস্থিত ছিলেন। কার্যক্ষেত্রে তিনি ছুটীর জন্য দরখাস্ত করেছিলেন ৫ ডিসেম্বর থেকে ২৫ জানুয়ারী পর্যন্ত ২১ দিনের। বাকী ১৬ দিন কামাই করেও তিনি বেতন পেলেন কিভাবে এই প্রশ্ন স্থানীয় জনসাধারণকে ভাবিয়ে তুলেছে। ঝা এই স্বাস্থ্যকেন্দ্রে উপ-ঠিকাদারের কাজ করতে করতে কুকের চাকরি পেয়েছেন বলেও নন্দলাল সরকার জানিয়েছেন।

## সিটুর মিছিল

সাগরদীঘি, ২৫ ফেব্রুয়ারী—আট টাকা দশ পয়সা হারে মজুরি, স্থানীয় বেকার শ্রমিকদের কাজের ব্যবস্থা, নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমানো প্রভৃতির দাবীতে সি আই টি ইউ-এর একটি শ্রমিক মিছিল বি ডি ও অফিসে স্মারকলিপি দিয়েছে। মিছিলটি বিভিন্ন শ্লোগান সহ সারা শহরও পরিক্রমা করে। মিছিলটি পরিচালনা করেন প্রদীপ চৌধুরী ও সুব্রত কর।

**দলত্যাগ :** সাগরদীঘি থানা ফরওয়ারড ব্লক কমিটির সাধারণ সম্পাদক মনিরুল হক দলত্যাগ করে ইন্দিরা কংগ্রেসে যোগদানের সিদ্ধান্ত ঘোষণা করেছেন বলে জানানো হয়েছে।

## আদিবাসী ছাত্র কল্যাণের জন্য সরকারী অনুদান

১৯৭৯-৮০ সালে মাধ্যমিক স্তরের আদিবাসী ছাত্রদের হষ্টেল খরচ মেটানোর জন্য পশ্চিমবঙ্গ সরকার তফসিলি ও আদিবাসী কল্যাণ অধিকর্তার হাতে ১৫,৯৯,০০০ টাকার অনুদান বরাদ্দ করেছেন।—নিউজ ব্যুরো

## বাবরের স্মারক

সোভিয়েত মধ্য এশিয়ায় তাজিকিস্তানের জেরাভশান পর্বতগাত্রে, এক ঝরনার ধারে, বাবর কর্তৃক উৎকীর্ণ তিনটি বয়েৎ-এর সন্ধান পেয়েছেন বিশিষ্ট সোভিয়েত ঐতিহাসিক আখরোর মুখতারভ। বাবরের আত্মজীবনীতে লিখিত এক সূত্রের ইঙ্গিত অনুযায়ী এই আবিষ্কার সম্ভব হয়েছে। মুখতারভ এই প্রস্তর-লিপিটি স্থানীয় এক অধিবাসী হাবিবুল্লের সাহায্যে পেয়ে যান।

বিশেষজ্ঞরা এই প্রস্তর-লিপিটি খুঁটিয়ে দেখছেন। বর্তমান তাজিক বিজ্ঞান অকাদেমির পুরাতাত্ত্বিক সংগ্রহশালায় ৫০০ শিলালিপি ও স্মারকস্তম্ভ সংগৃহীত আছে। এগুলি ১১ থেকে ১৯ শতাব্দীর। এই সব শিলালিপির পাঠোদ্ধার করে প্রাচীন ও মধ্যযুগের ইতিহাসের বহু উল্লেখযোগ্য বৈশিষ্ট্য জানা যাচ্ছে। মুখতারভ বলেন যে, রুশিয়ার দক্ষিণ স্তেপভূম থেকেই যে ইন্দো-ইউরোপীয় জাতিসমূহের ইতিহাস শুরু হয়েছিল, সেই অনুমান ক্রমেই আরও প্রমাণ-নির্ভর হয়ে উঠছে। প্রাচীনকালের জাতিসমূহ নানা দিকে ছড়িয়ে পড়লেও তাদের মধ্যে অর্থনৈতিক ও সাংস্কৃতিক যোগাযোগ বরাবরই রক্ষা পেয়ে এসেছিল বলে সোভিয়েত ঐতিহাসিক মনে করেন।

—এ পি এন


## পণ্ডিত ষ্টেশনারস

স্কুল-কলেজের খাতা-পত্র কাগজ-কালি-কলম-ফরম ও

যাবতীয় সামগ্রীর বিপুল আয়োজন

পঞ্চায়েতের যাবতীয় খাতা-পত্র-ফরম এবং

বিয়ে-পৈতে-অন্নপ্রাশন ও রকমারী কারডের

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

রঘুনাথগঞ্জ





রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অমূত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।